রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

জোনাল ব্যবস্থাপক, নাটোর জোন

এবং

মহাব্যবস্থাপক, রাজশাহী বিভাগ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

সূচিপত্র

বিবরণ	পৃষ্ঠা নম্বর
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, জোনাল কার্যালয়, নাটোর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	১
প্রস্তাবনা	২
সেকশন ১: রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৩
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৪
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:	৫
অংগীকার	৬

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক**, নাটোর জোন এর** কর্মসম্পাদনের **সার্বিক** চিত্র

Overview of the Performance of Rajshahi Krishi Unnayan Bank Natore Zone

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (তিন বছর) প্রধান অর্জনসমূহ:
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, নাটোর জোন কৃষির অর্থায়নে মোট ২২ টি শাখার মাধ্যমে কৃষকের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছানোর লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এ জোন ২০২১-২০২২ অর্থবছরে ১৭৭.৬০ কোটি ২০২২-২০২৩ অর্থবছরে ১৫৭.৫৫ কোটি এবং ২০২৩-২০২৪ অর্থবছরে ১৬৭.৮৩ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। ব্যাংক একই সময়ে অর্থ্যাৎ ২০২১-২০২২ অর্থবছরে ১৮৩.০২ কোটি, ২০২২-২০২৩ অর্থবছরে ২০৯.৩৪ কোটি এবং ২০২৩-২০২৪ অর্থবছরে ১৬৯.১৬ কোটি টাকা ঋণ আদায় করেছে। বিগত তিন বছরে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির লক্ষ্যে ১৭৫৬৮ জনসহ মোট ১২৪৭৮৫ জন কৃষক, হতদরিদ্র ও অন্যান্য ভাতা ভোগীদের ১০/- টাকার আমানত হিসাব খুলে তাদেরকে ব্যাংকিং সেবার আওতায় আনা হয়েছে। উল্লেখযোগ্য পরিমাণ শ্রেণীকৃত ঋণ আদায়ের পাশাপাশি বিগত তিন বছরে ৫১.১৬ কোটি টাকা আমানত বৃদ্ধি পেয়েছে। এছাড়া বিগত তিন বছরে নারী উদ্যোক্তা খাতে ৪৩ জনকে ৬.৯০ কোটি টাকা এবং ৪% সুদে আমদানি বিকল্প শস্য ও মসলা খাতে ১৪১ জনকে ১.১৯ কোটি টাকা ঋণ সুবিধা প্রদান করা হয়েছে।

- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :
অধিক শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ, শাখাসমূহে গ্রাহকসেবার মান উন্নয়ন ও তথ্য প্রযুক্তি উন্নয়ন, সরকারি প্রনোদনা ভিত্তিক ঋণ বিতরণ প্রবাহ বৃদ্ধি, ব্যাংকিং সেবা বঞ্চিত বৃহৎ জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় আনয়ন।

- ভবিষ্যৎ পরিকল্পনা :
কৃষিভিত্তিক কর্মকান্ডে সময়মত ঋণ প্রবাহ বৃদ্ধি করা, আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির মাধমে সুবিধা বঞ্চিত দরিদ্র ও ক্ষুদ্র জনগোষ্টির দোরগোড়ায় আধুনিক, ডিজিটাল ও স্মার্ট ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া, নতুন নতুন প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবা প্রচলন। ব্যাংকের সকল শাখায় চালুকৃত RTGS, A-Challan, eBanking, QR Cash Transaction, eKYC এবং ঘরে বসে হিসাব খোলা সেবার মাধ্যমে স্বল্প সময়ের মধ্যে গ্রাহক সেবা নিশ্চিত করা, প্রতিষ্ঠানের সকল পর্যায়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন সংহত করা, শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ আদায় বৃদ্ধি করা, বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ় করা এবং নারী উদ্যোক্তা ও ৪% সুদে আমদানি বিকল্প শস্য ও মসলা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির মাধ্যমে SDG অর্জনে উল্লেখযোগ্য অবদান রাখা।

- ২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**:**
    - ৭৫.০০ কোটি টাকা নতুন আমানত সংগ্রহ;
    - ২০১.৮০ কোটি টাকা মোট ঋণ বিতরণ;
    - ১৫০.২৫ কোটি টাকা মোট ঋণ আদায়;
    - ৪.০০ কোটি টাকা শ্রেণীকৃত ঋণ আদায়;
    - ০.৪০ কোটি টাকা ৪% সুদে আমদানি বিকল্প শস্য ও মসলা খাতে ঋণ বিতরণ এবং
    - ৩.০০ কোটি টাকা নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ।

প্রস্তাবনা (Preamble)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার ও স্মার্ট ব্যাংকিং সেবা নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, নাটোর জোন

এবং

মহাব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী বিভাগ এর মধ্যে ২০২৪ সালের জুলাই মাসের ১১ তারিখে এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন;

সেকশন-১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):

দক্ষ, অন্তর্ভুক্তিমূলক, শক্তিশালী আর্থিক সেবা এবং ডিজিটাল ও স্মার্ট ব্যাংক ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে নাটোর জোনের কৃষি ও কৃষি ভিত্তিক কর্মকান্ডে অর্থায়নের মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission):

রাজশাহী ও রংপুর বিভাগের আওতাধীন কৃষক ও কৃষি সংশ্লিষ্ট কর্মকান্ডের সাথে সম্পৃক্ত জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নকল্পে ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে অংশগ্রহণ। ব্যবসায়িক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের মাধ্যমে ব্যাংক-কে লাভজনকভাবে পরিচালনা করা এবং মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আত্মনিয়োগ করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১) কৃষির উন্নয়নে ঋণ সহায়তা;

২) ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ ও স্বল্প সময়ে গ্রাহক সেবা নিশ্চিতকরণ;

৩) আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা শক্তিশালীকরণ;

৪) ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুতকরণ;

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মস্পাদনের ক্ষেত্র:

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি (Functions):

১. আমানত সংগ্রহ, বিশেষ করে স্বল্পসুদবাহী/সুদবিহীন আমানত সংগ্রহ করা;

২. শস্য, মৎস্য, প্রাণীসম্পদ, কৃষি ও সেচ যন্ত্রপাতিসহ কৃষির বিভিন্ন খাত/উপ-খাত এবং দারিদ্র বিমোচনামূলক কর্মকান্ডে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করা;

৩. কৃষি ঋণ বিতরণের পাশাপশি কৃষি ভিত্তিক ব্যবসা-বাণিজ্য ও শিল্প-প্রকল্প খাতে অর্থায়ন, এসএমই খাতে অর্থায়ন, নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ এবং ৪% সুদে আমদানি বিকল্প শস্য ও মসলা খাতে ঋণ বিতরণ করা;

৪. আদায়যোগ্য ঋণ নির্ধারিত সময়ের মধ্যে আদায় করা;

৫. আর্থিক অন্তর্ভুক্তির আওতায় কৃষক ও দরিদ্র জনগোষ্ঠির জন্য ১০/- টাকার আমানত হিসাব ও স্কুল ব্যাংকিং এর আওতায় স্কুলগামী ছাত্র-ছাত্রীদের আমানত হিসাব খোলা।

সেকশন-২

বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসমূহ (Source of Data)
			২০২২-২৩	২০২৩-২৪		২০২৫-২৬	২০২৬-২৭		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
কৃষিখাতে ঋণ প্রবাহ বৃদ্ধি	বিতরণকৃত ঋণ	কোটি টাকা	১৫৭.৫৬	১৬৭.৭৮	২০৯.০০	২১১	৩১৩	শাখা কার্যালয়সমূহ	মাসিক ও বার্ষিক প্রতিবেদন
শ্রেণীকৃত ঋণের পরিমাণ	আদায়কৃত শ্রেণীকৃত ঋণ	কোটি টাকা	২৪.০৭	১৬.০০	১৬.৬৭	১৭.৭৮	১৮.৩৩	শাখা কার্যালয়সমূহ	মাসিক ও বার্ষিক প্রতিবেদন
গুণগত মানসম্পন্ন সম্পদ বৃদ্ধি	বৃদ্ধিপ্রাপ্ত সম্পদ	কোটি টাকা	৩২২.৯৪	৩৩৩.৩০	২৬৬.৬৭	৩৭২.২২	৩৭৫.০০	শাখা কার্যালয়সমূহ	মাসিক ও বার্ষিক প্রতিবেদন
স্কুল ব্যাংকিং হিসাব খোলা	স্কুল পড়ুয়া ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী মনোভাব বৃদ্ধি ও তাদের নিকট ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া	সংখ্যা	৬৬৬৩	৭৫৩৮	৯৪৪৫	৯০৫৫	৯১০০	শাখা কার্যালয়সমূহ	মাসিক ও বার্ষিক প্রতিবেদন

সেকশন – ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক-২০২৪-২০২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
কৃষির উন্নয়নে ঋণ সহায়তা প্রদান;	২৫	[১.১] শস্য ঋণ বিতরণ	[১.১.১] বিতরণকৃত শস্য ঋণ	সমষ্টি	কোটি টাকা	৫	৬০.৬০	৫৫.৭৪	৭০.০০	৬৩.০০	৫৬.০০			৭২.০০	৭৫.০০
		[১.২] দুগ্ধ উৎপাদন ও প্রাণী সম্পদ খাতে ঋণ বিতরণ	[১.২.১] বিতরণকৃত দুগ্ধ ও প্রাণীসম্পদ ঋণ	সমষ্টি	কোটি টাকা	৪	১৫.০০	১৩.২১	২০.০০	১৮.০০	১৬.০০			২২.০০	২৫.০০
		[১.৩] চিংড়ী ও মৎস্য চাষ খাতে ঋণ বিতরণ	[১.৩.১] বিতরণকৃত চিংড়ি ও মৎস্য চাষ ঋণ	সমষ্টি	কোটি টাকা	৪	৬.৭৩	৩.৯২	৮.০০	৭.২০	৬.৪০			৮.২০	৮.৫০
		[১.৪] এসএমই খাতে ঋণ বিতরণ	[১.৪.১] বিতরণকৃত এসএমই ঋণ	সমষ্টি	কোটি টাকা	৪	৪৬.৮৩	৫২.৪০	৬০.০০	৫৪.০০	৪৮.০০			৬২.০০	৬৪.০০
		[১.৫] ১০ টাকার কৃষক হিসাবের মাধ্যমে ঋণ প্রদান	[১.৫.১] ১০ টাকার কৃষক হিসাবে বিতরণকৃত ঋণ	সমষ্টি	কোটি টাকা	২	০.৪২	০.৩৬	০.৪০	০.৩৬	০.৩২			০.৪২	০.৪৫
		[১.৬] নারী উদ্যোক্তাদের ঋণ	[১.৬.১] নারী উদ্যোক্তাদের মাঝে মোট বিতরণকৃত ঋণ	সমষ্টি	কোটি টাকা	২	২.৮২	০.২৯	৩.০০	২.৭০	২.৪০			৩.২০	৩.৫০
		[১.৭] ৪% সুদে আমদানি বিকল্প শস্য ও মসলা খাতে ঋণ বিতরণ	[১.৭.১] ৪% সুদে শস্য ও মসলা খাতে বিতরণকৃত মোট ঋণ	সমষ্টি	কোটি টাকা	২	০.৪১	০.৩৪	০.৪০	০.৩৬	০.৩২			০.৪২	০.৪৫
		[১.৮] অন্যান্য ঋণ বিতরণ	[১.৮.১] বিতরণকৃত অন্যান্য ঋণ	সমষ্টি	কোটি টাকা	২	৭৬.৫৬	২৮.৩২	৪০.০০	৩৬.০০	৩২.০০			৪২.০০	৪৫.০০
ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ ও স্বল্প সময়ে গ্রাহক সেবা নিশ্চিতকরণ;	১৯	[২.১] ক্যাশলেস লেনদেন বৃদ্ধিকরণ (RTGS, BEFTN, A-Challan)	[২.১.১] RTGS এ লেনদেন সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৫	৩৩৬৮	২৬৪৬	৩৩৩৪	৩৭০০	৩৬৭০			৩৩৫০	৩৩৮০
			[২.১.২] BEFTN এ লেনদেন সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৫	১০০৭০	১০৬৩০	১৩৩৩৫	১২০০০	১০৬০০			১৩৪০০	১৩৪৫০
			[২.১.৩] A-Challan এ লেনদেন সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৫	৫৪৫০	৩৮৮৫	৫০০০	৪৫০০	৪০০০			৫৫০০	৫৫৫০
		[২.২] QR Cash Transaction/e-banking	[২.২.১] QR Cash Transaction/ e-banking	সমষ্টি	সংখ্যা	২		১০৮৫	১৫৫৫	১৪০০	১২৫০			১৫৮০	১৬০০
		[২.৩] e-KYC ঘরে বসে হিসাব খোলা	[২.৩.১] e-KYC ঘরে বসে হিসাব খোলা	সমষ্টি	সংখ্যা	২		২১৭৫	২৭৮০	২৫০০	২২২৫			২৮০০	২৮৫০
আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা শক্তিশালীকরণ	১৫	[৩.১] অভ্যন্তরীণ অডিট	[৩.১.১] হ্রাসকৃত আপত্তির সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৩	৬৫০	৭২০	২৭৭	২৫৪	২২২			২৯৪	৩২২
		[৩.২] প্রশিক্ষণ কর্মসূচি	[৩.২.১] প্রশিক্ষণের পরিমাণ	সমষ্টি	জনঘন্টা	৪									
		[৩.৩] শূন্য পদ পূরণের লক্ষ্যমাত্রা	[৩.৩.১] শূন্য পদ পূরণের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২									
		[৩.৪] বিভাগীয় মামলা নিষ্পত্তি	[৩.৪.১] হ্রাসকৃত মামলার সংখ্যা	সমষ্টি	হার	২									
		[৩.৫] বাংলাদেশ ব্যাংক অডিট	[৩.৫.১] হ্রাসকৃত আপত্তি	সমষ্টি	হার	২									
		[৩.৬] জোনাল কার্যালয় পরিবীক্ষণ	[৩.৬.১] জোনাল কার্যালয়ের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২									
ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুতকরণ।	১১	[৪.১] শ্রেণীকৃত ঋণ আদায়	[৪.১.১] আদায়কৃত শ্রেণীকৃত ঋণ	সমষ্টি	কোটি টাকা	৩	২৪.৬৩	১৮.৩৩	৪.০০	৩.৬০	৩.২০			৪.৪২	৪.৪৫
		[৪.২] অন্যান্য আদায়	[৪.২.১] আদায়কৃত অন্যান্য ঋণ	সমষ্টি	কোটি টাকা	৪	১৮৪.৩৬	১৫০.৬১	১৫০.০০	১৩৫.০০	১২০.০০			১৫৫.০০	১৬০.০০
		[৪.৩] অবলোপনকৃত ঋণ আদায়	[৪.৩.১] আদায়কৃত মোট অবলোপনকৃত ঋণ	সমষ্টি	কোটি টাকা	২	০.৩৪	০.২২	০.২৫	০.২৩	০.২০			০.২৭	০.৩০
		[৪.৪] মামলা নিষ্পত্তি	[৪.৪.১] নিষ্পত্তিকৃত মামলা	সমষ্টি	সংখ্যা	২	২৬২	১৪৩	১৩৩	১২০	১০৬			১৩৫	১৪০

আমি জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, জোনাল কার্যালয়, নাটোর জোন এর প্রতিনিধি হিসেবে মহাব্যবস্থাপক এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী জোনাল ব্যবস্থাপক, জোনাল কার্যালয়, নাটোর এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
জোনাল কার্যালয়
নাটোর জোন

১১ জুলাই ২০২৪

মহাব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
রাজশাহী বিভাগ

১১ জুলাই ২০২৪